গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

**ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি |
| সভার তারিখ | : | ২৯/০৯/২০২২ |
| সভার সময় | : | বেলা ১০.০০ ঘটিকা |
| স্থান | : | বিপিসি প্রধান কার্যালয় |
| উপস্থিতি | : | পতাকা-ক |

সভার প্রারম্ভে সভাপতি কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিগত বছরসমূহের ন্যায় ২০২২-২৩ অর্থবছরেও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও সুষ্ঠভাবে বাস্তবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনে সকলের সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে আশাবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া পরবর্তী সভাগুলোতে গৃহীত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের বিষয়ে গুরুত্বারোপ করা হয় যাতে সভাগুলো ফলপ্রসু হয়। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ **(সংযুক্তি-০১)** এর বিভিন্ন কর্মসম্পাদন সূচকসমূহের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | কর্মসম্পাদন কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সদস্য |
|---|---|---|---|---|
| ১ | ১.১) সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | বিপিসি'র কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কোন কোন ক্ষেত্রে ইনোভেশন করা যেতে পারে তা চিহ্নিত করে সেইসব ক্ষেত্রে ইনোভেশনের উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে সংস্থার সকল বিভাগ/শাখাসমূহে পত্র প্রেরণের মাধ্যমে উদ্ভাবনী ধারণা আহ্বান করা যেতে পারে। এছাড়া কমিটির সদস্যদের মধ্য হতেও বিভিন্ন উদ্ভাবনী ধারণা প্রদান করা যেতে পারে। কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য সদ্য চালু হওয়া ভবিষ্য তহবিল ও পেনশন স্কীম সফ্টওয়্যারের মাধ্যমে ডিজিটাইজেশনের ধারণা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নযোগ্য নূন্যতম একটি সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা প্রেরণের জন্য সংস্থার সকল বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | সদস্য (সকল), সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | ১.২) ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু রাখা | সংস্থার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরীর বিষয়ে পুরাতন নথি হতে তথ্য সংগ্রহের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সংস্থার এমআইএস বিভাগ হতে পুরাতন নথি সংগ্রহ করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য-সচিব কে ডাটাবেজ তৈরী করতে হবে। | সংস্থার ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ আগামি ১ সপ্তাহের মধ্যে প্রস্তুতপূর্বক ১৩-১০-২০২২ খ্রি: তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা বন্ধ হয়ে থাকলে চালু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |

চলমান পাতা-০২/-

০২/১০/২২

| ক্রমিক | কর্মসম্পাদন কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সদস্য |
|---|---|---|---|---|
| ১ | ১.৩) ই-নথির ব্যবহার বৃদ্ধি | কর্পোরেশনের বিভাগ ও শাখাসমূহে নথি কার্যক্রমে ই-নথির ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ই-নথির ব্যবহার শতভাগ করার লক্ষ্যে অদ্যবধি যে সকল বিভাগ ই-নথির ব্যবহারে পিছিয়ে রয়েছে তাদের নথি কার্যক্রমে ই-নথির ব্যবহার বাড়ানোর লক্ষ্যে নির্দেশনা প্রদান এবং বিষয়টি প্রতি মাসিক সমন্বয় সভায় উত্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য সকল বিভাগীয় প্রধানের নিকট পত্র দিতে হবে।<br>ই-নথির ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনার জন্য পূর্ববর্তী মাসের ই-নথির ব্যবহার সংক্রান্ত তথ্য বিসিসি'র প্রতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | আহবায়ক, সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | ১.৪) ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়টি এ অর্থ বছরে নতুনভাবে সংযোজনের বিষয়ে আলোচনা করা হয়। বিষয়টি নতুন বিধায় এ বিষয়ে সংস্থার সকল বিভাগের সিনিয়র মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপকবৃন্দের উপস্থিতিতে একটি সভা আয়োজন করা যেতে পারে। সভা আয়োজনের পূর্বে বর্ণিত বিষয়ে সকল সিনিয়র মহাব্যবস্থাপক/ মহাব্যবস্থাপকবৃন্দ কর্তৃক কর্মপরিকল্পনা প্রনয়নপূর্বক কমিটির সভাপতি বরাবর দাখিলের নিমিত্ত পত্র প্রেরণ করতে হবে। এছাড়া, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন ও চূড়ান্তকরণের লক্ষ্যে আগামী ২০-১০-২০২২ খ্রি: তারিখে সংশ্লিষ্টদের নিয়ে একটি সভা আয়োজন করতে হবে। সভায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ কর্মপরিকল্পনা উপস্থাপন করবেন যা পূর্বেই সভাপতি বরাবর দাখিল করবে।এ বিষয়ে সংশ্লিষ্টদের দ্রুত পত্র প্রেরণ করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল), সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| ২ | ২.১ তথ্য বাতায়ন হালনাগাদকরণ | প্রতিটি বিভাগ ও শাখা হতে প্রাপ্ত তথ্যসমূহ এমআইএস বিভাগ কর্তৃক তথ্য বাতায়নে হালনাগাদের বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে ফোকাল পয়েন্টগণ কর্তৃক সময়মত স্ব-স্ব বিভাগ সংশ্লিষ্ট তথ্য প্রদান করা হয় মর্মে জানানো হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য বাতায়ন হালনাগাদ রাখার নিমিত্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের-কে নির্দেশনা প্রদান করতে হবে। | বিভাগীয় প্রধান (সকল), উপ-ব্যবস্থাপক (এমআইএস) |
| | ২.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ২.২.১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। | বিসিসি প্রশিক্ষণ কেন্দ্রে বা অন্য যে কোন প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | উপ-ব্যবস্থাপক (এমআইএস) |

চলমান পাতা-০৩/-

| ক্রমিক | কর্মসম্পাদন কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সদস্য |
|---|---|---|---|---|
| ২ | | ২.২.২) ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের মোট ৮০% ব্যয় করার বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে বিপিসি'র হিসাব বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন পেনশন স্কীম সংক্রান্ত সফটওয়্যার ইন্সটলেশন ও কমিটি'র সদস্যদের বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা যেতে পারে। উল্লেখ্য, অর্থ বিভাগের ১৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-৮৩ নং স্মারকে জারীকৃত পত্রে এপিএ/ইনোভেশন সংক্রান্ত বৈদেশিক ভ্রমণ বন্ধ রয়েছে। এ খাতে বর্তমানে ১০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বিষয়ে বিদেশ ভ্রমণ করতে হলে বরাদ্দ বাড়াতে হবে। এ সংক্রান্ত সরকারি নিষেধাজ্ঞা পর্যবেক্ষণ সাপেক্ষে সংশোধিত বাজেটে এ খাতে বরাদ্দ কম/বেশি করা যেতে পারে। | বিপিসি'র হিসাব বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন পেনশন স্কীম সংক্রান্ত সফটওয়্যার ইন্সটলেশন ও কমিটি'র সদস্যদের বৈদেশিক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | | ২.২.৩) কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে মন্ত্রি-পরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে মন্ত্রি-পরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | | ২.২.৪) আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে মন্ত্রি-পরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত তারিখে মন্ত্রি-পরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে নির্ধারিত সময়ের পূর্বেই কোম্পানিসমূহে পত্র প্রেরণ করতে হবে। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |
| | | ২.২.৫) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে। | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যুনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে দেশের অভ্যন্তরে পরিদর্শন যোগ্য উদ্যোগের তথ্য সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হয়। | সদস্য (সকল) |

চলমান পাতা-০৪/-

০২/১০/২২

| ক্রমিক | কর্মসম্পাদন কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সদস্য |
|---|---|---|---|---|
| ৩ | বিবিধ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনার জন্য প্রতি মাসে সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | এ বিষয়ে প্রতি মাসে ০১ (এক)টি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

02/10/2022

(কাজী মুহাম্মদ মোজাম্মেল হক)
পরিচালক (অর্থ), বিপিসি
এবং
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি

নং: ২৮.০৩.০০০০.০৪১.০৮২.০১.০১৪.১৭ তারিখঃ ০২/১০/২০২২

<u>সদয় অবগতি এবং কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক
(নিরীক্ষা/বাঃ ও অপাঃ/হিসাব/বন্টন ও বিপণন/অর্থ/ পরিঃ ও উন্নঃ), বিপিসি।
২. উপ-মহাব্যবস্থাপক ..................................(সকল), বিপিসি।
৩. ব্যবস্থাপক/শাখা প্রধান.............................(সকল), বিপিসি।
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
৫. পরিচালক (অপাঃ ও পরিঃ/বিপণন/অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বিপিসি।
৬. সচিবের ব্যক্তিগত সহকারী, বিপিসি।
৭. অফিস কপি।

০২.১০.২০২২

(আমেনা ফেরদৌসী)
ব্যবস্থাপক (বাঃ ও অপাঃ), বিপিসি
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র পরিচালক(অর্থ), জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক এর সভাপতিত্বে ২৯/০৯/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর অধীনে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ১ম সভার উপস্থিতিঃ

**বিপিসিঃ**

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মুহম্মদ আশরাফ হোসেন | সচিব | ২৯.০৯.২০২২ |
| ২। | জনাব মোঃ ইউসুফ হোসেন ভূঁইয়া | ঊর্ধ্বতন মহাব্যবস্থাপক(নিরীক্ষা) | ২৯.০৯.২২ |
| ৩। | জনাব এস এম জুবায়ের হাসান | ব্যবস্থাপক(প্রশাসন) | ২৯/০৯/২০২২ |
| ৪। | প্রকৌশলী আমেনা ফেরদৌসী | ব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স) | ২৯.০৯.২০২২ |
| ৫। | জনাব জয় শংকর ধর | উপ-ব্যবস্থাপক (অর্থ) | ২৯-০৯-২২ |
| ৬। | জনাব কে, এম, রিয়াজ রহমান | উপ-ব্যবস্থাপক (এমআইএস) | ২৯/০৯/২২ |
| ৭। | | | |
| ৮। | | | |
| ৯। | | | |
| ১০। | | | |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |
| ১৬ | | | |
| ১৭ | | | |
| ১৮ | | | |